

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৭৬

আগরতলা, ৩ জানুয়ারি, ২০২৫

মুখ্যমন্ত্রী নিরাময় আরোগ্য অভিযানের অঙ্গ হিসেবে বিশেষ স্বাস্থ্য শিবির



গোমতী জেলার নতুনবাজার সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের অধীনে গত ১ জানুয়ারি, ২০২৫ পোয়াংবাড়ি আয়ুর্ধান আরোগ্য মন্দিরের পোয়াং পাড়ায় এক বিশেষ স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরটি মুখ্যমন্ত্রী নিরাময় আরোগ্য অভিযান এর অঙ্গ হিসেবে আয়োজিত হয়েছিল। এই শিবিরে মোট ৮৬ জন এলাকাবাসী উপস্থিত হয়ে বিভিন্ন স্বাস্থ্য পরিষেবা গ্রহণ করেন। শিবিরে অংশগ্রহণকারীদের ক্যান্সার, যষ্টা, স্ট্রোক, হৃদরোগ, কিডনি সংক্রান্ত রোগ, নন-অ্যালকোহলিক ফ্যাটি লিভার এবং সংক্রামক রোগের ক্ষেত্রে প্রতিক্রিয়া করা হয়। তাদের মধ্যে স্ট্রোকে আক্রান্ত দুইজন, হৃদরোগে আক্রান্ত একজন, একজনের নন-অ্যালকোহলিক ফ্যাটি লিভার সন্দেহ করা হয় এবং তাদের সঠিক রোগ নির্ণয়ের জন্য গোমতী জেলা হাসপাতালে রেফার করা হয়। তাছাড়া স্ট্রোকে আক্রান্ত একজন, হৃদরোগে আক্রান্ত একজনকে ফলো-আপ চিকিৎসা করা হয়। এছাড়াও স্বাস্থ্যকর্মীরা উপস্থিত স্থানীয় জনগণের স্বাস্থ্য বিষয়ে সচেতন করেন। পাশাপাশি চিকিৎসা পরিষেবা প্রদান করে বিনামূল্যে ওষুধ প্রদান করা হয়। শিবিরে উপস্থিত ছিলেন চিকিৎসক ডাঃ কিশোর ভৌমিক, কমিউনিটি হেলথ অফিসার, চিকিৎসক আয়ুষ ডাঃ আইচুখ্রিভার দেববর্মা, ফার্মাসিস্ট মিঠুন দেবনাথ, এমপিডব্লিউ রমজান হোসেন এবং স্থানীয় আশাকর্মী ও অঙ্গনওয়াড়ি কর্মীরা শিবিরে সহযোগিতা করেন। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।
